



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ৮১

### এইচএসসি পরীক্ষা উপলক্ষ্যে আরএমপি'র নিষেধাজ্ঞা

রাজশাহী; ১৯ কার্তিক (০৪ নভেম্বর):

আগামী ০৬ নভেম্বর হতে ১৩ ডিসেম্বর, ২০২২ খি. তারিখ পর্যন্ত রাজশাহী মহানগরীর ২৩টি পরীক্ষা কেন্দ্রে এইচএসসি, আলিম এবং এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষা-২০২২ অনুষ্ঠিত হবে। আসন্ন পরীক্ষা উপলক্ষ্যে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি) মহানগর এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষার নিমিত্তে নিষেধাজ্ঞা আরোপ করেছে। গত বুধবার (০২ নভেম্বর) আরএমপি'র এক আদেশে এই নিষেধাজ্ঞা জারি করা হয়।

আদেশ অনুযায়ী, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন-১৯৯২ এর ২৯ (ক), ২৯ (খ), ৩০ ধারার অর্পিত ক্ষমতাবলে উক্ত পরীক্ষা চলাকালীন পরীক্ষাকেন্দ্রসমূহের চতুর্দিকে ২০০ (দুইশত) গজের মধ্যে সকল প্রকার মিছিল, মিটিং, সমাবেশ, বিক্ষোভ প্রদর্শন, মাইকিং, বিস্ফোরক দ্রব্য ও অস্ত্রশস্ত্র বহন এবং ৪ (চার)-এর অধিক জনসাধারণের একত্রে চলাচল নিষিদ্ধ ঘোষণা করা হয়।

রাজশাহী মহানগরীর পরীক্ষাকেন্দ্রসমূহ হলোঃ (১) নিউ গভঃ ডিগ্রী কলেজ, (২) রাজশাহী সরকারী মহিলা কলেজ, (৩) রাজশাহী সরকারী সিটি কলেজ, (৪) শাহমখদুম কলেজ, (৫) রাজশাহী কোর্ট কলেজ, (৬) মাদার বখস গার্হস্থ্য অর্থনীতি কলেজ, (৭) শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইনস স্কুল এন্ড কলেজ, (৮) বরেন্দ্র কলেজ, (৯) শহীদ এ এইচ এম কামারুজ্জামান সরকারি ডিগ্রী কলেজ, (১০) রাজশাহী শিক্ষাবোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, (১১) রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজ, (১২) রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, (১৩) নওহাটা সরকারি ডিগ্রী কলেজ (পবা), (১৪) নওহাটা মহিলা কলেজ (পবা), (১৫) মদিনাতুল উলুম কামিল মাদরাসা, (১৬) রাজশাহী দারুস সালাম কামিল মাদরাসা, (১৭) নওহাটা ছালেহিয়া দারুচ্ছুন্নাত ফাজিল মাদরাসা (পবা), (১৮) মহানগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (কাটাখালী), (১৯) হাজী জমির উদ্দিন শাফিনা মহিলা কলেজ (রাজপাড়া), (২০) জাতীয় বিজ্ঞান গবেষণা ও প্রযুক্তি মহাবিদ্যালয় (মাতৃকা ভবন, ঘোড়ামারা, বোয়ালিয়া), (২১) লোকনাথ উচ্চ বিদ্যালয় (বোয়ালিয়া), (২২) আইন মহাবিদ্যালয় (বোয়ালিয়া), (২৩) নওহাটা উচ্চ বিদ্যালয় (পবা)।

উক্ত সময়ে আইন অমান্যকারীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আদেশে উল্লেখ করা হয়।##

.....  
তৌহিদ/আতিক/রুহুল/রোকন/হালিম/২০২২/১০.০০ ঘ.